

তারিখ-০২-০৮-২৩

বরাবর

চেয়ারম্যান মহোদয়

গজারিয়া ইউনিয়ন পরিষদ

পলাশ, নরসিংদী।

| বাদী                           | বিবাদী                        |
|--------------------------------|-------------------------------|
| শুকতারা মনি                    | তারেক রহমান ওরফে শফিকুল ইসলাম |
| পিতা- ধনু মিয়া                | পিতা- মৃত জিন্নত আলী          |
| মাতা-সামসুন্নাহার বেগম         | মাতা- আফজান বেগম              |
| গ্রাম-রূপসদী                   | গ্রাম- নরসিংহারচর             |
| বাঞ্ছারামপুর,ব্রাহ্মণবাড়ীয়া। | পলাশ, নরসিংদী।                |
| মোবাইল- ০১৭৫৬-০৪৭১৬৮           | মোবাইল- ০১৭৯০-১৫৬৩৮২          |

বিষয়: দাম্পত্য বিবাদ মীমাংশার জন্য আবেদন

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী শিখা বেগম, পিতা-আলতাফ হোসেন, মাতা-রোকসানা বেগম, গ্রাম-নরসিংহারচর, উপজেলা-পলাশ, জেলা-নরসিংদী এই মর্মে আপনার নিকট অভিযোগ দায়ের করছি যে, আমাকে আমার স্বামী বিগত ২০১৬ সালে বিবাহ করে। বিবাহের পর থেকেই আমাকে আমার স্বামী যৌতুকের জন্য বেশ চাপ প্রয়োগ করে। আমাকে সে প্রচুর মারধর করে। আমাকে দিয়ে সে বিভিন্ন কু-কর্মের প্রস্তাব দেয় খারাপ কাজ করার তাগিদ দেয়। আমি এগুলো তে সাড়া না দিলে আমাকে প্রচুর মারধর করে। আমার বাবা তাকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ধার দিলে তা আর ফেরত দিবে না বলে আমাকে হুমকি দেয় পরে আমি অনেক দেন দরবার করে তার কাছ থেকে ওই টাকা টা উদ্ধার করে আমার বাবাকে ফিরিয়ে দেই। এরপর থেকে তার অত্যাচারের পরিমান বাড়তে থাকে। এদিকে সে এলাকায় বলে বেড়ায় যে, সে নাকি আমাকে বিয়ে ই করে নাই আমাকে সে এলাকার লোকদের কাছে বলে বেড়ায় আমি নাকি চরিত্রহীন অথচ ইসলামি শরীয়াহ মোতাবেক এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গদের উপস্থিতি তেই সে আমাকে বিয়ে করে। আমি তার এ অত্যাচার সহ্য না করতে পেরে যখন বাবার বাড়িতে চলে আসি তখন এলাকার লোকদের কে বলে বেড়ায় যে আমি নাকি তার কাছ থেকে ৯৫,০০০/- (পচাঁনব্বই হাজার ) টাকা নিয়ে আসি এবং এ ব্যাপারে আমার আপন ভাই ও চাচাতো ভাই সহ মোট ০৩ ভাইকে মিথ্যা মামলা জুরিয়ে দেয়। এবং এও বলে বেড়ায় যে, তোর ভাইরা এলাকার সন্ত্রাসী তোর সাথে আমার আর থাকা সম্ভব না এ বলে মিথ্যা অপবাদ দেয় যা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট এলাকাতে আমার নামে অনেক বাজে বাজে কথা বলে ও এও বলে বেড়ায় যে, আমার নাকি অন্য জায়গায় বিয়ে হয়ে গেছে যা সম্পূর্ণ মিথ্যা। আমাকে মারধর করে সে আমাকে বাবার বাড়িতে পাঠিয়ে দিয়ে অত্যন্ত সু-কৌশলে সে আরেকটি বিবাহ করে নেয়। এবং সে তার ওই বউকে তার নিজ বাড়ীতে নিয়ে আসে না।

অতএব, মহোদয় সমীপে বিনীত আরজ উপরোক্ত বিষয় বিবেচনা করে উক্ত বিবাদ মীমাংশার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের যেন সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

শিখা

নরসিংহারচর, পলাশ, নরসিংদী।